গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ছাতক, সুনামগঞ্জ।
www.chhatak.sunamganj.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৯০২৩.০০০.০৩.০৫৩.২৬-৯৫৩ তারিখ: ২৭/১০/২০২৬ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ছাতক উপজেলাধীন নিম্নবর্ণিত ১২টি ইউনিয়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চাহিদার প্রেক্ষিতে গ্রামপুলিশের মহল্লাদার এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের লক্ষ্যে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ (সংশোধিত ২০১৭) অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। দরখাস্ত সরকারি চাকুরীর আবেদন ফরম অনুযায়ী (দরখাস্তের নমুনা কপি এ উপজেলার ওয়েব পোর্টালে পাওয়া যাবে) নির্ধারিত তারিখে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি বা ডাকযোগে প্রেরণ করা যাবে।

ক্র. নং	ইউনিয়নের নাম ও ওয়ার্ড নম্বর	পদের নাম	শূন্য পদের সংখ্যা	পদের বিপরীতে মাসিক বেতন	শিক্ষাগত যোগ্যতা ও শারীরিক মাপ
০১	ইসলামপুর ওয়ার্ড নম্বর ১ ও ৮	মহল্লাদার	০২ জন	ইউপি অংশ (৫০%) ৩,৭৫০/- সরকারী অংশ (৫০%) ৩,৭৫০/- মোট = (১০০%) ৭,৫০০/-	সর্বনিম্ন অষ্টম শ্রেণী বা স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উর্ত্তীণ হতে হবে। **পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-** সর্বনিম্ন উচ্চতা-৫ফুট ২ইঞ্চি বুকের মাপ: স্বাভাবিক ৩০ ইঞ্চি সম্প্রসারণ: ৩২ইঞ্চি সর্বনিম্ন ওজন: ৫০ কেজি **মহিলা প্রার্থীর ক্ষেত্রে-** সর্বনিম্ন উচ্চতা ৫ফুট বুকের মাপ: স্বাভাবিক ২৮ ইঞ্চি সম্প্রসারণ ৩০ ইঞ্চি সর্বনিম্ন ওজন: ৪৫ কেজি
০২	নোয়ারাই ওয়ার্ড নম্বর ৭ ও ৯	ঐ	০২ জন		
০৩	ছাতক সদর ওয়ার্ড নম্বর ১, ৪,৬ ও ৭	ঐ	০৪ জন		
০৪	কালারুকা ওয়ার্ড নম্বর ১, ২, ৩, ৭, ৮	ঐ	০৫ জন		
০৫	চরমহল্লা ওয়ার্ড নম্বর ১ ও ৩	ঐ	০২ জন		
০৬	খুরমা উত্তর ওয়ার্ড নম্বর- ৯	ঐ	০১ জন		
০৭	সিংচাপইড় ওয়ার্ড নম্বর ৬ ও ৯	ঐ	০২ জন		
০৮	খুরমা দক্ষিণ ওয়ার্ড নম্বর ১	ঐ	০১ জন		
০৯	জাউয়াবাজার ওয়ার্ড নম্বর ৫ ও ৮	ঐ	০২ জন		
১০	দোলারবাজার ওয়ার্ড নম্বর ২,৫ ও ৯	ঐ	০৩ জন		
১১	ছৈলা আফজলাবাদ ওয়ার্ড নম্বর ৬	ঐ	০১ জন		
১২	ভাতগাঁও ওয়ার্ড নম্বর ৭	ঐ	০১ জন		
		মোট	২৬ জন		

আবেদনের শর্তাবলী:

০১। আবেদনকারীকে আগামী ১৯/১১/২০২৬খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতীত) সরাসরি/ডাকযোগে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা(যদি থাকে) সুস্পষ্টভাবে লিখতে হবে এবং বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখ করতে হবে।

০৩। প্রার্থীকে রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ এর অনুকূলে ৩০০/-(তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।

০৪। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদ এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন ছবি।
গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

০৫। কোটার ক্ষেত্রে সরকার নির্ধারিত নীতিমালা অনুসরণ করা হবে।
০৬। আবেদনকারীর বয়স ১৯/১১/২০২৬খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে (এক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সর্বশেষ আদেশ/পরিপত্র/প্রজ্ঞাপন অনুসরণ করা হব)। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
০৭। শূন্য পদে মহল্লাদার নিয়োগের ক্ষেত্রে মৃত/অবসরপ্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।
০৮। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে।
০৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১০। লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য সময়ে সময়ে নোটিশের মাধ্যমে এ কার্যালয়ের ওয়েবপোর্টাল (www.chhatak.sunamganj.gov.bd) প্রচার করা হবে।
১২। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৩। আবেদন গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৪। নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোন সিদ্ধান্ত/সংশোধন/পরিবর্তন/নিয়োগ স্থগিত ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭.১০.২৬

(মোঃ মহিউদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ছাতক, সুনামগঞ্জ
email:unochatak@gmail.com

তারিখ: ২৭/১০/২০২৬ খ্রি.

স্মারক নং-০৫.৪৬.৯০২৩.০০০.০৩.০৫৩.২৬-৯৫৩

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।
৪। অফিসার ইনচার্জ, ছাতক, সুনামগঞ্জ।
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ছাতক, সুনামগঞ্জ।
৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ছাতক, সুনামগঞ্জ।
৭। উপজেলা.....কর্মকর্তা, ছাতক, সুনামগঞ্জ।
৮। চেয়ারম্যান.....ইউপি (সকল), ছাতক, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়ন ও হাটবাজারে ঢোল-সহরত এর মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৯। টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবপোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১০। অফিস কপি।

২৭.১০.২৬

(মোঃ মহিউদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ছাতক, সুনামগঞ্জ
email:unochatak@gmail.com